



**SWIS-H**  
STATEWIDE INFANT  
SCREENING - HEARING



## আমি আমার শিশুর শ্রবণহীনতার স্ক্রিনিং না করানোর সিদ্ধান্ত নিয়েছি। আমার কি জানা প্রয়োজন?

আপনার শিশুর জীবনের প্রথম কয়েক সপ্তাহে ধারাবাহিক কতকগুলো স্বাস্থ্য পরীক্ষা করানো হবে। এগুলোর মধ্যে একটি থাকবে শ্রবণহীনতা।

জন্মের পর যত তাড়াতাড়ি সম্ভব শ্রবণহীনতার স্ক্রিনিং করতে বলা হবে এবং এটি হাসপাতাল থেকে খারিজ হবার পূর্বে বা পরে হাসপাতালেই হতে পারে, অথবা স্থানীয় এলাকায় হতে পারে।

পিতামাতা তাদের সদ্যজাত শিশুর শ্রবণহীনতার স্ক্রিনিং-এর জন্য রাজী নাও হতে পারে। এটি আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডে (নীল বই) লিপিবদ্ধ থাকবে। আপনাকে একটি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে যেখানে লেখা থাকবে আপনি স্ক্রিনিং করতে দিতে চাননি।

যদি আপনি আপনার শিশুর শ্রবণহীনতার স্ক্রিনিং না করতে চান, তারপরও স্ক্রিনিং এবং এর গুরুত্ব সম্পর্কে আপনার জানা উচিত।

### শ্রবণহীনতার স্ক্রিনিং কেন করতে বলা হয়?

জন্ম নেয়া প্রতি ১০০০ শিশুর মধ্যে একটি বা দু'টি শিশুর গুরুতর শ্রবণহীনতা থাকবে।

আপনার শিশু কত ভালোভাবে শুনতে পারে সেটি যত দ্রুত সম্ভব জানা দরকার যাতে করে আপনি এবং আপনার শিশু সঠিক উপদেশ এবং সাহায্য পেতে পারেন।

আমরা এক বছর ধরে যেভাবে কথা বলে আসছি তা শুনে শুনে শিশুরা তাদের প্রথম শব্দ বলে।

একটি শিশু যদি এই সময়ের মধ্যে ভালোভাবে শুনতে না পায়, তাহলে তাদের কথা বলা এবং ভাষা উন্নয়নে প্রভাব পরতে পারে।

যদি আপনি আরো তথ্য চান অথবা আপনি আপনার মন পরিবর্তন করেন এবং আপনার শিশুর স্ক্রিনিং চান, তাহলে আপনার স্থানীয় এস ডব্লিউ আই এস এইচ (SWIS-H) কার্যক্রম সমন্বয়কারীর সাথে যত তাড়াতাড়ি সম্ভব যোগাযোগ করুন।

### আমার শিশুর বৃদ্ধির সাথে সাথে আমার কি করা উচিত?

শ্রবণশক্তি সব সময় একই নাও থাকতে পারে। আপনার শিশুর কথা বলা এবং ভাষা উন্নয়নের সাথে সাথে শব্দের প্রতি তাদের সাদা পর্যবেক্ষণ করা গুরুত্বপূর্ণ।

আপনার শিশুর অগ্রগতি লক্ষ্য করার জন্য পিছনের পৃষ্ঠার চেকলিষ্ট ব্যবহার করতে পারেন।

আপনি যদি ভবিষ্যতে আপনার শিশুর শ্রবণশক্তি অথবা কথা বলা এবং ভাষা উন্নয়নে চিন্তিত হোন, দয়া করে আপনার শিশুর শ্রবণের পরীক্ষার ব্যবস্থা করবেন। আপনার শিশুর শ্রবণ পরীক্ষার যথাযথ ব্যবস্থার জন্য আপনার পারিবারিক ডাক্তারের কাছে রেফারেলের জন্য বলুন।

শ্রবণ পরীক্ষা যে কোন বয়সে করা যেতে পারে।

আরো তথ্যের জন্য নিউ সাউথ ওয়েলস্ শিশু এবং  
পরিবার-এ যোগাযোগ করুন:


<http://www.health.nsw.gov.au/kids-families>

স্থানীয়ভাবে যোগাযোগ/ সাক্ষাৎকারের বিবরণ

স্বাস্থ্য সম্বন্ধীয় উপদেশের জন্য *healthdirect Australia*

<http://www.healthdirect.gov.au/>

অথবা **1800 022 222** নাম্বারে যোগাযোগ করুন





## হেয়ারিং চেকলিষ্ট

জন্ম থেকে ৩ মাস পর্যন্ত	উচ্চ শব্দে প্রতিক্রিয়া পরিচিত আওয়াজ বা শব্দে শাম্ভ হয়ে যাওয়া কুয়িং শব্দ করা যে কথা বলছে তার দিকে তাকিয়ে সাড়া দেয়া
৩ থেকে ৬ মাস পর্যন্ত	শব্দের দিকে চোখ এবং মাথা ফেরানো কথা বলার মতো শব্দ শুরু করা তাদের অনুভূতি দেখাতে হাসা এবং শব্দ করা
৬ থেকে ৯ মাস পর্যন্ত	বুর বুর করা, 'দাদা' 'মা-মা' 'বাবা' মনযোগ আকর্ষণের জন্য চিৎকার/বলা নিজের নাম এবং 'না' বলাতে প্রায়ই সাড়া দিবে গান গাওয়া এবং সঙ্গীতের প্রতি সাড়া দিবে
৯ থেকে ১২ মাস পর্যন্ত	অন্যদের থেকে শোনা কথা অনুকরণ করা সাধারণ শব্দ বুঝতে পারা, যেমন 'বল', 'কুকুর', 'বাবা' অল্প শব্দের দিকে মাথা ঘুরে দেখা প্রথম শব্দ বলা
১২ থেকে ১৮ মাস পর্যন্ত	প্রতি সপ্তাহে কিছু নতুন শব্দ বুঝতে পারবে সাধারণ নির্দেশ পালন করে, যেমন 'বলটি নিয়ে আসো' যখন জিজ্ঞাসা করা হবে তখন মানুষ, শরীরের অঙ্গ অথবা খেলনার দিকে দেখাবে ক্রমাগত নতুন শব্দ বলতে শিখবে যদিও তা পরিষ্কারভাবে বলবে না
১৮ থেকে ২৪ মাস পর্যন্ত	১০০ থেকে ২০০ শব্দ থাকবে যা তারা নিয়মিত ব্যবহার করে সাধারণ গল্প অথবা গান শুনবে দুই বা ততোধিক শব্দ জুড়ে ব্যবহার করবে যেমন 'আরো জুস'

নোটগুলো:

---

---

---

